

না ভালো লাগা

স্বাধীন প্রধান

না ভালো লাগাটা একটি কিস্তৃত অনুভূতি..

কখনো সহজে তার গভীরে ঢুকে ,

চোখে আঙুল দিয়ে দেখানো যায়;

কিন্মা কখনো কেমন যেন ক্যাবলা হয়ে,

ভ্যাবাচ্যাকা চোখে হাতড়াতে হয় উৎস-সন্ধান।

আপেক্ষিকতাবাদের আঁচ-মুক্ত কি এই

মরীচিকা মাখা মায়াবী – না ভালো লাগা ?

নয় বোধহয় ; কেউই নয় ; কোনটাই নয় ;

বোধহয় ।

কিন্তু আর যদি মায়ের ঐ চোরাগলি দিয়ে ,

যে আশাকে ছুঁতে আমরা পড়ি-মরি করে ছুটি ,

তখন অজান্তে লেগে যাওয়া

ছেঁড়া ঘা – এর মধ্যেও ঘাপটি মেরে

বসে থাকতে পারে – এই নাছোড় ।

হয়তো শুরুর দিকের অবচেতনের অচিন অন্ধকূপের পাঁকেও,

পেতে পারো এর লাভা ।

আবার আগামীর চোখ বলসে দেওয়া আলোও –

করতে পারে এই ব্যাটাকে লালন ।

অসম্ভব এক হাইজেনবার্গীয় অনিশ্চয়তার মধ্যেও,

যেমন ডি-ব্রগলী পেয়েছিলেন – দ্বৈতের তত্ত্ব ;

তেমনি অবুঝ খোঁজ , আমাদের রোজ ।

না ভালো লাগা টাকে বুঝে, তার symptom দেখে,

চিকিৎসা করা – অনেক হ্যাপা।

বরং সোজা টুঁটি টিপে শেষ করে,

তার মুণ্ডু নিয়ে নাচো।

রক্তমাখা উল্লাসে যা খুশি তাই।